দৈনিক ইনকিলাব
তারিখ ... 03 SEP 1987
পৃষ্ঠা ... ... ... 5 কলাম ... 6. ...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়

নং-এস-১২/১১-১০/৮৭/৩২৩-এডুকেশন

তাং ঃ ২-৯-১৯৮৭
১৬-৫-১৩৯৪

# ১৯৮৮-৮৯ সালের জন্য কমনওয়েলথ স্কলারশীপ

শিক্ষা বছর ১৯৮৮-৮৯ তে নিম্নবর্ণিত বিষয়ের উপর পোস্ট গ্রাজুয়েট/রিসার্চ লেভেলে যুক্তরাজ্য, কানাডা, হংকং, ত্রিনিদাদ ও জ্যামাইকাতে এবং ক্যামব্রিজ কমনওয়েলথ ট্রাস্ট এওয়ার্ডের জন্য কেবলমাত্র কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ে পড়াশোনার জন্য কমনওয়েলথ স্কলারশীপের জন্য প্রার্থী নির্বাচনের নিমিত্ত প্রকৃত বাংলাদেশী নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

২। যে সমস্ত প্রার্থীগণ নিম্নবর্ণিত বিষয়ের বিপরীতে উল্লেখিত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য শর্তাদি পূরণ করতে সক্ষম কেবলমাত্র তারাই আবেদন করতে পারেনঃ

| | | |
|---|---|---|
| (১) | অর্থনীতি, কৃষি অর্থনীতি, লোক প্রশাসন, এডুকেশানেল প্ল্যানিং, ব্যবসা প্রশাসন, ব্যবস্থাপনা, মার্কেটিং, একাউন্টিং অর্থ, ভূগোল, ইংরেজী, সোসিওলজি/রুরাল সোসিওলজি, সাইকলজি, ফিলোসফি, ইতিহাস/ইসলামের ইতিহাস, আরকেওলজি, আন্তর্জাতিক সম্পর্ক, আইন, রাষ্ট্র বিজ্ঞান, জার্নালিজম ও মাস কমিউনিকেশন, লিংগুইস্টিস, ফাইনাল আর্টস। | অনার্সে বা মাস্টার ডিগ্রীর যে কোন একটিতে ১ম শ্রেণী ও এসএসসি বা এইচএসসি'র যে কোন একটিতে প্রথম বিভাগসহ অন্যান্য পরীক্ষা, ২য় শ্রেণী/বিভাগে পাস হতে হবে। ব্যবসা প্রশাসন, মার্কেটিং, ব্যবস্থাপনায় যে সমস্ত প্রার্থীগণ পোস্ট গ্রাজুয়েট কোর্সে পড়াশুনা করতে চান তাদের জিএমএটি থাকতে হবে এবং সন্তোষজনক স্কোর থাকতে হবে। ফাইন আর্টসের বেলায় এসএসসিতে কমপক্ষে ১টি ১ম বিভাগ ও প্রি-ডিগ্রী (এইচএসসি সমমান)। বিএফএ বা এমএফ-এর যে কোন একটিতে ১ম শ্রেণী থাকতে হবে। |
| (২) | ফিজিক্স, এপ্লাইড ফিজিক্স ও ইলেকট্রোনিক্স, কম্পিউটার সাইন্স/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, এপ্লাইড কেমিস্ট, সয়েল সাইন্স, ম্যাথামেটিক্স, স্টেটিসটিক্স, জুলজি, বোটানী, জিওলজি, টিসু কালচারসহ হিস্টুলজি, ফার্মাসি, বাওকেমিষ্ট্রি, ফুড টেকনোলজি/নাট্রিশান, মাইক্রোবাওলজি, মেরিন বাওলজি, ফরেষ্ট্রি। | অনার্স ও মাস্টার ডিগ্রী উভয় পরীক্ষায় ১ম শ্রেণী এবং কমপক্ষে এসএসসিতে একটি ১ম বিভাগ ও এইচএসসিতে ২য় বিভাগ থাকতে হবে। |
| (৩) | কৃষি (সকল শাখা) | |
| (৪) | ইঞ্জিনিয়ারিং (সকল শাখা) | এসএসসি ও এইচএসসিতে ১ম বিভাগসহ বিএসসিতে (ইঞ্জিনিয়ারিং) বিএসসি (আর্কিটেকচার)-এ ১ম শ্রেণী থাকতে হবে। |
| (৫) | টেক্সটাইল টেকনোলজি/লেদার টেকনোলজি (সকল শাখা) | টেক্সটাইল টেকনোলজিতে/লেদার টেকনোলজিতে অবশ্যই ডিগ্রী থাকতে হবে, এসএসসি বা এইচএসসিতে ১ম বিভাগ হলে ভাল হয় এবং অন্যান্য পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ থাকতে হবে। |
| (৬) | আরবান ও রিজিওনাল প্ল্যানিং | সিভিল ইঞ্জিনিয়ারিং-এ কিংবা আর্কিটেকচারে ১ম শ্রেণীসহ আরবান ও রিজিওনাল প্ল্যানিং-এ মাস্টার ডিগ্রী বা অনার্স বা মাস্টার ডিগ্রীতে কমপক্ষে ১টি ১ম শ্রেণীসহ অর্থনীতি, সোসিওলজি বা ভূগোলে মাস্টার ডিগ্রী। |
| (৭) | মেডিক্যাল সাইন্স (সকল শাখা) | এসএসসি বা এইচএসসিতে ১ম বিভাগসহ এমবিবিএস/বিডিএস ডিগ্রী (নিয়মিত)। যোগ্যতাসম্পন্ন প্রার্থীগণ যুক্তরাজ্যের জেনারেল মেডিক্যাল কাউন্সিলে রেজিস্ট্রিএবল হবেন। |

৩। চিকিৎসা বিষয়ের উপর কমনওয়েলথ স্কলারশীপ কেবলমাত্র যুক্তরাজ্যে পাওয়া যাবে। মেডিক্যাল প্রার্থীদের যারা এমআরসিপি, এফআরসিএস করতে আগ্রহী তারা যদি এর মধ্যে এ জাতীয় পরীক্ষার প্রথমপর্ব সম্পন্ন করে থাকেন তবে তাদেরকে অগ্রাধিকার দেয়া হবে।

৪। ১৯৮৮ সালের ১লা অক্টোবর তারিখে প্রার্থীর বয়স ৩৫ বছরের বেশী হবে না। ডক্টরেট ডিগ্রী লাভকারী প্রার্থীর আবেদনের যোগ্য নন।

৫। কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। সরকারের বৃত্তি নিয়ে যারা ৩ (তিন) বা ততোধিক মাস বিদেশে ছিলেন কিন্তু কিসে এসে ন্যূনতম ৫ বছর চাকুরী সম্পনন করেননি বাংলাদেশে থাকেননি তারা আবেদনের যোগ্য নহেন।

৬। বৃটিশ কাউন্সিল, ঢাকা কর্তৃক পরিচালিত ইংরেজীতে প্রফিসিয়েন্সি টেস্টে প্রার্থীদের হাজির হবার প্রয়োজন হতে পারে।

৭। নিম্নবর্ণিত স্পেসিমেন প্রোফরমা অনুযায়ী টাইপ করা সাত কপি দরখাস্তের সাথে সত্যায়িত সার্টিফিকেটের কপি, ডিপ্লোমা, ডিগ্রী, মার্কশিট, প্রশংসাপত্র ইত্যাদি ও যে ঠিকানায় প্রার্থী ইন্টারভিউ কার্ড পেতে ইচ্ছুক খামের উপর সে ঠিকানা উল্লেখ করতঃ সর্বশেষ ৩০-৯-৮৭ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট পৌছুতে হবে। বাংলাদেশ সচিবালয়, ঢাকার অভ্যর্থনা কক্ষ, ২নং গেইটে রক্ষিত কাঠের বাক্সে প্রার্থীগর্ণ তাদের আবেদনপত্র ফেলিতে পারেন। অসম্পূর্ণ আবেদনপত্র বা নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল হয়ে যাবে।

### কমনওয়েলথ স্কলারশীপের জন্য দরখাস্ত

১। নাম (বড় অক্ষরে) ঃ
২। পিতা/স্বামীর নাম ঃ
৩। জন্ম তারিখ ঃ
৪। ১-১০-১৯৮৭ তারিখে প্রকৃত বয়স ঃ

৫। স্থায়ী ঠিকানা ঃ
৬। টেলিগ্রাম অফিস ও টেলিফোন নম্বর (যদি থাকে)সহ ডাক ঠিকানা ঃ

৭। শিক্ষাগত যোগ্যতা

| বোর্ড/বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত পরীক্ষাসমূহ | বৎসর | বিভাগ/শ্রেণী• পজিশন | প্রতিটি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের গড়পড়তা শতাংশ |
|---|---|---|---|

৮। বর্তমান পেশা (ডেজিগনেশনসহ নিয়োগ কর্মকর্তার নাম ও ঠিকানা) ঃ
৯। অভিজ্ঞতা/চাকুরী মেয়াদকাল (সংস্থা অনুসারে) ঃ

১০। দেশে কোন প্রশিক্ষণ গ্রহণ করে থাকলে (কোর্সের নাম, প্রতিষ্ঠানের নাম ও মেয়াদ উল্লেখ করুন) ঃ

১১। পূর্বের কোন বিদেশ প্রশিক্ষণ থাকলে (কোর্সের নাম, দেশ, মেয়াদ ও অর্থপ্রদানকারী সংস্থার নাম উল্লেখ করুন) ঃ

১২। রিসার্চ/পাবলিকেশনের তালিকা, যদি থাকে ঃ
১৩। যে ফিল্ডে স্টাডির জন্য আবেদন করছেন ঃ
(ক) ব্রড ফিল্ড
(খ) স্পেশাল এরিয়া

১৪। বিদেশী কোন বিশ্ববিদ্যালয়ে বর্তমানে ভর্তি হয়ে থাকলে পার্টিকুলারস উল্লেখ করুন ঃ
১৫। যেখানে পড়াশোনা করতে ইচ্ছুক অগ্রাধিকার অনুসারে ২টি কমনওয়েলথভুক্ত দেশের নাম করুন ঃ

আবেদনকারীর স্বাক্ষর

(নাসিমা বেগম)
সহকারী সচিব।

ডিএফপি-(স)৮৮(৪)২-৯
জি—২৮৭৫/৮৭